

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

নির্বাচন অগ্রাধিকার

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর।
lalpur.natore.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৬৯৪৪.০০০.২৯.০২১.২২- ৩২১

তারিখ: ২১ চৈত্র, ১৪২৯
০৪ এপ্রিল, ২০২৩

বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ উপলক্ষ্যে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ।

সূত্র : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৬ মার্চ, ২০২৩ এর ৪৮.০০.০০০০.০০১.৩৫.০০৫.২৩-৫৯ সংখ্যক স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত নির্বাচন কমিশনের ১৪ মার্চ, ২০২৩ এর পঞ্চম সভার সিদ্ধান্ত এবং ২৮ মার্চ, ২০২৩ এর ৪৮.০০.০০০০.০০১.৩৫.০০৫.২৩-৭৮ সংখ্যক স্মারকের সংশোধিত তফসিল অনুযায়ী আগামী ২০ মে, ২০২৩ একই সাথে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডের নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়।

কমিশনের উক্ত সভায় ৩নং ক্রমিকের নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

(ক) উপজেলা কমান্ড নির্বাচনে উপজেলা নির্বাহী অফিসারগণ রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা কৃষি কর্মকর্তা/উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণের মধ্য হতে যেকোন একজন কর্মকর্তাকে সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব প্রদান করবেন।

(খ) জেলা, মহানগর ও উপজেলা কমান্ড নির্বাচনের ক্ষেত্রে জেলা প্রশাসক স্ব স্ব অধিক্ষেত্রের আপিল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।

(গ) জনাব এ এফ এম ইয়াসিন চৌধুরী, সাবেক অতিরিক্ত সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন, ২০২২-২৩, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলে নির্বাচনের আপিল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।

উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর কমান্ড ও লালপুর উপজেলা কমান্ডের নির্বাচন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন, ২০২২-২৩ এর জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবি ও ঠিকানা	নিয়োগকৃত পদের নাম	মন্তব্য
০১	জনাব দেবানীষ বসাক সহকারী কমিশনার (ভূমি) লালপুর, নাটোর।	সহকারী রিটার্নিং অফিসার লালপুর উপজেলা কমান্ড নির্বাচন বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন, ২০২২-২৩	

সহকারী কমিশনার(ভূমি)
লালপুর, নাটোর।

(শামীমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও

রিটার্নিং অফিসার
লালপুর, নাটোর

টেলিফোন নম্বর-০৭৭২৫-৭৫০০১

মোবাইল নম্বর-০১৭৬২-৬৯২১১১

e-mail:unolalpur@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রশাসক, নাটোর।

২। অফিস নথি।